

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৫০৬

আগরতলা, ২১ জানুয়ারি, ২০২৫

বিদ্যাপাড়া ও ধনসিং পাড়ায় ম্যালেরিয়া সনাক্তকরণ কর্মসূচি



‘ম্যালেরিয়ার বিরুদ্ধে এই লড়াইয়ে জিতব’ ধলাই জেলার আমবাসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত গুরুধন পাড়া আয়ুর্মান আরোগ্য মন্দিরে অধীন বিদ্যাপাড়ার ৫ বছরের ছোট্ট মেয়ে সোমিয়া ত্রিপুরার একটি প্রতিজ্ঞা। গত ১৯ জানুয়ারি, ২০২৫ বিদ্যাপাড়া ও ধনসিং পাড়ায় এক ম্যালেরিয়া সনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হয়। তাতে বিদ্যা পাড়ায় মোট ১২২ জন ও ধনসিং পাড়ায় মোট ১২৪ জনকে আরডি কিটের মাধ্যমে রক্ত পরীক্ষা করা হয়। এদের মধ্যে দুইজনের রক্তে ম্যালেরিয়া প্যারাসাইট শনাক্ত হয়। স্বাস্থ্যকর্মীরা তাদের বিনামূল্যে ম্যালেরিয়া ওষুধ প্রদান করেন এবং নিয়মিতভাবে নির্দেশিত ওষুধ সম্পূর্ণভাবে খাওয়ার পরামর্শ প্রদান করেন। পাশাপাশি ম্যালেরিয়া রোগ প্রতিরোধে কি কি করণীয় সেই বিষয়ে স্বাস্থ্যকর্মীরা তাদেরকে বিস্তারিতভাবে বুঝিয়ে বলেন। উক্ত কর্মসূচিতে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার নিবেদিতা দেববর্মা, শিল্পী সূত্রধর, পম্পি দাস এমপিডব্লিও নিরঞ্জন দেবনাথ, হরিলাল দেবনাথ, এএনএম টুম্পা মগ, তাবানা চাকমা, ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজার সুশান্ত শীল ও এলাকার আশাকর্মীরা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*